

এশিয়ার সেরা রোবট ব্র্যাকের 'চন্দ্রবোট-২'

Thu, Jul 26th, 2012 10:16 pm BdST

ঢাকা, জুলাই ২৬ (বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম)- বেসরকারি বিশ্ববিদ্যালয় ব্র্যাকের প্রকৌশল ও কম্পিউটার বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের তৈরি 'চন্দ্রবোট-২' এশিয়ার সেরা রোবটের স্বীকৃতি পেয়েছে।

সম্প্রতি যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত নাসার তৃতীয় 'অ্যানুয়াল লুনাবোটিকস মাইনিং কম্পিটিশন (এলএমসি)' এ স্বীকৃতি মিলেছে।

মোবাইলফোন অপারেটর রবি আজিয়াটা লিমিটেড চন্দ্রবোটের পৃষ্ঠপোষকতা করেছিল।

রবির এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় কেনেডি স্পেস সেন্টারে ২১ থেকে ২৬ মে অনুষ্ঠিত এ প্রতিযোগিতায় এশিয়ার সেরা রোবটের স্বীকৃতি পেয়েছে বেসরকারি বিশ্ববিদ্যালয় ব্র্যাক শিক্ষার্থীদের তৈরি চন্দ্রবোট-২।

এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ইনডোর গেমস হলে বৃহস্পতিবার দুপুরে 'চন্দ্রবোট-২' দলকে সম্বর্ধনা ও সম্মাননা দেওয়া হয়।

এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আইনুন নিশাত, রবি'র ভাইস প্রেসিডেন্ট (কমিউনিকেশন অ্যান্ড মিডিয়া রিলেশন) মহিউদ্দিন বাবর, মহাব্যবস্থাপক (ব্র্যান্ড অ্যান্ড মার্কেট কমিউনিকেশন) গাজী ইমরান আল আমিন, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

বাংলাদেশের তিনটি দলসহ বিশ্বের সেরা ৫৫টি দল এই প্রতিযোগিতায় অংশ নেয়।

'চন্দ্রবোট-২' দলের সদস্যরা হলেন, ড. মো. খলিলুর রহমান (ফ্যাকাল্টি উপদেষ্টা), ড. মো. মোসাদ্দেকুর রহমান (ফ্যাকাল্টি উপদেষ্টা), ড. মো. বেলাল হোসেন ভূইয়া (ফ্যাকাল্টি উপদেষ্টা), মোহাম্মদ জুনায়েত হোসেন (দলনেতা) মাহমুদুল হাসান অয়ন, কাজী মো. রাজিন অনিক, সারা হ বিনতে নাসির নাবিয়া, মিরান রহমান, নাবিল সাকের রাহি, রনি আমিন খান, ফাহিম আল হাসানিন, মোহনা গাজী মীম ও খাইরুল হাসান।

বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম/এসএইচএ/এএল/২২১৪ ঘ.